

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

৩. ব্যঙ্গ কবিতা রচনা (انشاء الشعر الهجاء)

আবু লাহাবের স্ত্রী উম্মে জামীল রাসূল (ছাঃ)-এর বিরুদ্ধে ব্যঙ্গ কবিতা লিখতেন। যাতে রাসূল (ছাঃ) কষ্ট পান। এর মাধ্যমে তিনি লোকদের ক্ষেপিয়ে তুলতেন। সূরা লাহাব নাযিল হ'লে রাগে অগ্নিশর্মা হয়ে তিনি হাতে প্রস্তরখন্ড নিয়ে রাসূল (ছাঃ)-কে মারার উদ্দেশ্যে কা'বা চত্বরে গমন করেন এবং নিম্নোক্ত কবিতা পাঠ করেন।-

مُذَمَّمًا عَصَيْنَا + وَأُمْرَهُ أَبَيْنَا + وَديْنَهُ قَلَيْنَا

দিন্দিতের আমরা অবাধ্যতা করি'। 'তার নির্দেশ আমরা অমান্য করি'। 'তার দ্বীনকে আমরা ঘৃণাভরে প্রত্যাখ্যান করি'।[1] উক্ত কবিতায় তিনি 'মুহাম্মাদ' (প্রশংসিত) নামকে বিকৃত করে 'মুযাম্মাম' (নিন্দিত) বলেন। কুরায়েশরাও রাসূল (ছাঃ)-কে গালি দিয়ে 'মুযাম্মাম' (নিন্দিত) বলত। জবাবে রাসূল (ছাঃ) কত সুন্দরই না বলতেন, الْا تَعْجَبُونَ مُذَمَّمًا وَيَلْعَنُونَ مُذَمَّمًا وَأَنَا مُحَمَّدٌ (তামরা কি বিম্মিত হও না কিভাবে আল্লাহ আমার থেকে কুরাইশদের গালি ও লা'নতকে ফিরিয়ে দিয়েছেন? তারা আমাকে 'মুযাম্মাম' (مُحَمَّدٌ) 'নিন্দিত' বলে গালি দিয়েছে ও লা'নত করেছে, অথচ আমি হ'লাম 'মুহাম্মাদ' (مُحَمَّدٌ) 'প্রশংসিত'।[2] যুগে যুগে সংস্কারপন্থী আলেম ও সংগঠনের বিরুদ্ধে কটুক্তিকারীদের জন্য এটাই হবে সর্বোত্তম জওয়াব।

ফুটনোট

- [1]. ইবনু হিশাম ১/৩৫৬; হাকেম হা/৩৩৭৬, ২/৩৬১ সনদ ছহীহ; আলবানী, ছহীহ সীরাহ নববিইয়াহ ১৩৭ পৃঃ; তাফসীর কুরতুবী, ইবনু কাছীর; সীরাহ ছহীহাহ ১/১৪৭।
- [2]. ইবনু হিশাম ১/৩৫৬; বুখারী হা/৩৫৩৩; মিশকাত হা/৫৭৭৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5224

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন